

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেমিস্টার : ৫ : কোর্স : ৩ (H-11)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি কারুশিল্প বিচারে 'বিষবৃক্ষ' অপেক্ষা অধিকতর সফল কিনা বিচার করো। ১০
- ২। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের পত্রিকা পাঠের সঙ্গে গ্রন্থপাঠের প্রতিলিপনা করে একটি নিবন্ধ রচনা করো। ১০
- ৩। 'ভ্রমরাধিক ভ্রমর' বলতে বঙ্কিমচন্দ্র কী বুঝিয়েছিলেন বিস্তারিত আলোচনা করো। ১০

একক - ২

- ৪। 'পথের দাবী' উপন্যাসকে কেন্দ্র করে রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রের মধ্যে যে বিতর্ক হয়েছিল তার পরিচয় দাও। ১০
- ৫। ভারতী-অপূর্ব এবং সুমিত্রা-সব্যসাচী এই দুটি যুগলের মধ্যে প্রেমসম্পর্ক কীভাবে প্রকাশিত আলোচনা করো। ১০
- ৬। রাজনৈতিক উপন্যাস কাকে বলে? 'পথের দাবী' রাজনৈতিক উপন্যাস হিসেবে কতটা গুরুত্বপূর্ণ আলোচনা করো। ১০

একক - ৩

- ৭। 'অরণ্যের অধিকার' উপন্যাসে নারীদের ভূমিকা কী ছিল আলোচনা করো। ১০
- ৮। 'অরণ্যের অধিকার' উপন্যাসে মুণ্ডাদের বিদ্রোহ আসলে ক্ষমতাবান শোষকদের বিরুদ্ধে ক্ষমতাহীন শোষিতের অধিকার প্রতিষ্ঠার লড়াই। আলোচনা করো। ১০
- ৯। 'লেখক হিসাবে, সমকালীন সামাজিক মানুষ হিসাবে, একজন বস্তুবাদী ঐতিহাসিকের সমস্ত দায়দায়িত্ব বহনে আমরা সর্বদাই অঙ্গীকারবদ্ধ। দায়িত্ব অঙ্গীকারের অপরাধ সমাজ কখনোই ক্ষমা করে না। আমার বীরসাকেন্দ্রিক উপন্যাস সে অঙ্গীকারেরই ফলশ্রুতি।' — উপন্যাসটি অবলম্বনে লেখকের এই মন্তব্যের যাথার্থ্য নির্দেশ করো।

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :

২×৫=১০

- (ক) কৃষ্ণকান্ত চরিত্র  
(খ) অ্যান্ডারসন  
(গ) অপূর্বর মা  
(ঘ) গিরিশ মহাপাত্র  
(ঙ) গোবিন্দলালের সন্ন্যাস গ্রহণ